দৈনিক
আমাদের সময়

তারিখ 17 APR 2017
পৃষ্ঠা ৭ ... ৯

## প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা

# [redacted]
# স্বকীয়তায় [redacted]ফী

**নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷**
কওমি মাদরাসার দাওরায়ে হাদিসের সনদকে স্নাতকোত্তর ডিগ্রির সমমান প্রদান করায়
প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রী ও কর্মকর্তাদের ধন্যবাদ
জ্ঞাপন করে গভীর কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে। গতকাল রবিবার কওমি মাদরাসার
দাওরায়ে হাদিসের সনদের মান বাস্তবায়ন কমিটির এক জরুরি সভায় এই কৃতজ্ঞতা
জানানো হয়। সভায় দাওরায়ে হাদিসের অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ এবং বোর্ডগুলোতে
মাদরাসার অন্তর্ভুক্তি নিয়ে গুরুত্বপূর্ণ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয় গত ১৩ এপ্রিল কওমি মাদরাসার দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্সের
(ইসলামিক স্টাডিজ ও আরবি) সমমান প্রদান করে প্রজ্ঞাপন জারি করে। এর আলোকে
গতকাল দাওরায়ে হাদিসের সনদের মান বাস্তবায়ন কমিটির প্রথম এই সভা অনুষ্ঠিত
হয়।

চট্টগ্রামের দারুল উলুম হাটহাজারী মাদরাসায় মহাপরিচালকের কার্যালয়ে এই সভা
সকাল ১০টা থেকে শুরু হয়ে দুপুর দেড়টায় শেষ হয়। বৈঠকে সনদের মান বাস্তবায়ন
কমিটির পক্ষ থেকে কওমি মাদরাসার স্বতন্ত্র বৈশিষ্ট্য বজায় রেখে ও দারুল উলুম
দেওবন্দের মূলনীতিগুলোকে ভিত্তি ধরে কওমি মাদরাসার দাওরায়ে হাদিসের সনদকে
মাস্টার্সের (ইসলামিক স্টাডিজ ও আরবি) সমমান প্রদান করায় মহান আল্লাহর শুকরিয়া
আদায় করা হয়।

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ (বেফাক) সভাপতি শায়খুল ইসলাম আল্লামা
শাহ আহমদ শফীর সভাপতিত্বে বৈঠকে উপস্থিত ছিলেন মাওলানা আশরাফ আলী,
মাওলানা নূর হোসাইন কাসেমী, মাওলানা মুফতি ওয়াক্কাস, মাওলানা আব্দুল কুদ্দুস,
মুফতি রুহুল আমীন, মুফতি আরশাদ রাহমানী, মাওলানা আব্দুল হামিদ পীর সাহেব
মধুপুর, মাওলানা নূরুল ইসলাম, মাওলানা সাজিদুর রহমান, মাওলানা মুফতি ফয়জুল্যাহ
প্রমুখ।

এতে বেফাক সভাপতি শাহ আহমদ শফী কওমি মাদরাসার দাওরায়ে হাদিসের সনদের
সরকারি মান গ্রহণ বিষয়ে গত ১১ এপ্রিল গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে ওলামায়ে কেরামের
বৈঠক নিয়ে কতিপয় স্বার্থান্বেষী মহল বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে বলে অভিযোগ
করেন। তিনি বলেন, বেফাকসহ অন্য কওমি মাদরাসা বোর্ডগুলোর সর্বসম্মত সিদ্ধান্তের
আলোকে সেদিন প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক হয়েছে। দাওরায়ে হাদিসের সনদের মান গ্রহণে
পূর্বঘোষিত শর্তে সামান্যতম ছাড় দেওয়া হয়নি এবং সরকারি হস্তক্ষেপ ছাড়াই এই দাবি
আদায় হয়েছে।

শাহ আহমদ শফী বলেন, 'পরম করুণাময় আল্লাহর ইচ্ছায় বাংলাদেশের কওমি
মাদরাসাগুলো শিক্ষা কার্যক্রম পরিচালনাসহ অন্য সব বিষয়ে আগের যেকোনো সময়ের
তুলনায় এখন অনেক বেশি ঐক্যবদ্ধ। আর এই ঐক্যবদ্ধ অবস্থানের ফলেই গত ১১
এপ্রিল রাষ্ট্রীয় সর্বোচ্চ স্তর থেকেই উলামায়ে কেরাম সম্মানিত হয়েছেন এবং মাননীয়
প্রধানমন্ত্রী কওমি মাদরাসার গৌরবময় ঐতিহ্য ও ইসলামী শিক্ষার গুরুত্বের কথা স্বীকার
করে বক্তব্য দিয়েছেন।' বৈঠকে তিনি বাংলাদেশের কওমি মাদরাসা বোর্ডগুলো
কোনোভাবেই প্রচলিত রাজনীতির সঙ্গে জড়িত নয় উল্লেখ করে বলেন, এ নিয়ে বিভ্রান্তি
ছড়ানোর কোনো সুযোগ নেই।

**বৈঠকের সিদ্ধান্ত :** দাওরায়ে হাদিসের সনদের মান বাস্তবায়ন কমিটির গতকালের সভায়
বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়। তা হলো : ১. 'আল-
হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ' নামের সর্বোচ্চ সংস্থার
আওতায় দাওরায়ে হাদিসের পরীক্ষা গ্রহণ ও সনদবিষয়ক কার্যক্রম পরিচালিত হবে।
২. চলতি শিক্ষাবর্ষ থেকেই অভিন্ন প্রশ্নপত্রে একসঙ্গে সব বোর্ডের আওতাধীন
মাদরাসাগুলোয় দাওরায়ে হাদিসের পরীক্ষা গ্রহণ করা হবে। আর চলতি শিক্ষাবর্ষের
দাওরায়ে হাদিসের চূড়ান্ত পরীক্ষা ১৫ মে সোমবার থেকে ২৫ মে বৃহস্পতিবার পর্যন্ত
অনুষ্ঠিত হবে। ৩. বেফাক থেকে ছয়জন এবং অন্য পাঁচ বোর্ড থেকে একজন হারে মোট
১১ সদস্যবিশিষ্ট একটি পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটি গঠন এবং গওহরডাঙ্গা মাদরাসার
মাওলানা শামসুল হককে পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে মনোনীত করা হয়। এই কমিটি তাদের
কার্যক্রম পরিচালনার জন্য সরকার থেকে কোনো ধরনের আর্থিক সুবিধা গ্রহণ করবে
না। ৪. প্রজ্ঞাপনে উল্লিখিত ছয় বোর্ডে নিবন্ধিত দাওরায়ে হাদিসের মাদরাসাগুলো 'আল-
হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ' সংস্থায় নিবন্ধিত মাদরাসা বলে
গণ্য হবে। এই ছয় বোর্ডের আওতার বাইরে থাকা কোনো মাদরাসা এই সংস্থায়
পৃথকভাবে নিবন্ধিত হতে পারবে না। ৫. বর্তমানে যে মাদরাসা যে বোর্ডে নিবন্ধিত, এ
বছর সেই বোর্ডেই থাকতে হবে। অন্য বোর্ডে যেতে পারবে না। এর বাইরে আরো
কয়েকটি দাপ্তরিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে সংশ্লিষ্টরা জানান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর